

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৪.০০২.২১-৭৩৪

তারিখ : ১১ ভাদ্র ১৪২৮  
২৬ আগস্ট ২০২১

### নিয়োগ বিজ্ঞপ্তি


চিলমারী উপজেলাধীন থানাহাট ইউনিয়ন পরিষদে নিম্নবর্ণিত ওয়ার্ডে শূণ্য পদে ১ (এক) জন গ্রাম পুলিশ (মহল্লাদার) অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম  | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | বেতন ও ভাতাদি       | শিক্ষাগতযোগ্যতা ও অন্যান্য   |
|---------|-----------|---------------|------------|---------------------|--|
| ১       | ২         | ৩             |            | ৪                   | ৫  |
| ১       | মহল্লাদার | থানাহাট       | ২          | সরকারি বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>শারীরিক যোগ্যতা :<br>পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারিত), সর্বনিম্ন ওজন ৫০ কেজি।<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারিত), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি। |

#### আবেদনের নিয়মাবলী/নিয়োগ সংক্রান্ত শর্তাবলী :

- (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ওয়েব সাইট থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- (২) আবেদনকারীর বয়স ১৫/৯/২০২১ খ্রিস্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেফিট গ্রহণযোগ্য নয়।
- (৩) শুধুমাত্র চিলমারী উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী নাগরিকরূপে আবেদন করতে পারবেন।
- (৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- (৫) মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৬) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারি আদেশ মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- (৭) আবেদনপত্রের সাথে আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্তৃকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি (চ) উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার (ছ) পরবর্তী পত্র যোগাযোগের জন্য আবেদনকারীর বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ৫ X ৯ ইঞ্চি সাইজের খামে ১০/- (দশ) টাকা মূল্যের ডাকটিকেট সংযুক্ত করতে হবে।
- (৮) সকল সনদপত্র ও ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীলমোহর দ্বারা সত্যায়িত করতে হবে।
- (৯) আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরে বাম পার্শ্বে অবশ্যই পদের নাম, ইউনিয়ন ওয়ার্ডের নাম উল্লেখ করতে হবে।
- (১০) আবেদনপত্র আগামী ১৫/৯/২০২১ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম বরাবরে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- (১১) মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান ডাকযোগে জানানো হবে।
- (১২) মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- (১৩) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য কোন দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

- (১৪) প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচায়ের পর যোগ্য প্রার্থীদেরকে ৫০ নম্বরের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- (১৫) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি দেখাতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- (১৬) পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (১৭) নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



(মোঃ মাহবুবুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

চিলমারী, কুড়িগ্রাম।

ফোন- ০৫৮২৪৫৬০০৩

e-mail: unochilmari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৪.০০২.২১- ৭ ৩৪ (৫৫)


তারিখ :

১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
- ৩। চেয়ারম্যান, থানাহাট ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম। তাঁর ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারসমূহে টাংগিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার

চিলমারী, কুড়িগ্রাম।